



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)/Fax: 8189029.

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৪৩.১২ - ২২৭২

তারিখ: ১৬/১১/২০১৪ খ্রিঃ।

বিষয়: প্রকল্পের কার্যক্রমে অবহেলা অনিয়ম এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী কাজের জন্য ২য় বার ব্যাখ্যা তলব।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের” (সংশোধিত) বোরহানউদ্দিন উপজেলায় অনিয়মের কারণে মহাপরিচালক মহোদয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির তদন্তের আলোকে আনিত অভিযোগ সমূহের বিষয়ে আপনি যে জবাব দাখিল করেছেন তা গ্রহণযোগ্য নয়। সদর কার্যালয়ের উপপরিচালক (বিশেষ প্রকল্প) এবং অত্র প্রকল্পের সহকারী পরিচালক (প্রশাসন) কর্তৃক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোরহানউদ্দিন ও আপনার উপস্থিতিতে সরেজমিনে সমিতিসমূহ পরিদর্শনের পর জানা যায় উপজেলায় যোগদানের পর আপনি মাত্র ০৩ টি সমিতি একবার করে পরিদর্শন করেছেন। অথচ জবাবে উল্লেখ করেছেন, মার্চ সংগঠককে সাথে নিয়ে গঠিত ১৫টি সমিতিতে ঋণ আদায়ে ব্যস্ত থাকায় নতুন সমিতি গঠন করা সম্ভব হয়নি; যা মিথ্যা, বিভ্রান্তিকর এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে প্রতারনার সামিল।

০২। মোটর সাইকেলের জ্বালানী বাবদ ০৭ মাসে ৭০০০/- (সাত হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হলেও নিজস্ব খরচ বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা জ্বালানী খরচ উত্তোলন করেছেন মর্মে জানিয়েছেন। এতে প্রমাণিত হয় আপনি মোটর সাইকেল ব্যবহার না করেও উক্ত ২০০০/- (দুই হাজার) টাকা আত্মসাৎ করেছেন; যা আর্থিক বিধি বিধানের পরিপন্থী।

০৩। ব্যাখ্যা তলবের জবাবে আপনি উল্লেখ করেছেন অফিসের কম্পিউটার অকেজো থাকায় বাহিরের দোকান থেকে অধিক হারে চিঠিপত্র ডাউন লোড করতে সাত মাসে ১৪০০/- (চৌদ্দশ টাকা) খরচ হয়েছে। অথচ সাত মাসে প্রকল্প অফিস থেকে ইন্টারনেট মডেম বরাদ্দ বাবদ ২৪৫০/- (চব্বিশ পঞ্চাশ টাকা) প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তাদের তদন্ত রিপোর্ট অনুযায়ী দেখা যায় গত ০৭ মাসে প্রকল্পের কোন চিঠি পত্র প্রকল্প অফিসে সংরক্ষণ করা হয়নি। এতে প্রমাণিত হয় আপনি বাইরে থেকে চিঠিপত্র ডাউনলোড না করেও মিথ্যা জবাব প্রদান করেছেন।

০৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আপনার বসার জায়গা প্রদান করলেও আপনি সেখানে বসেননি। এতে প্রমাণিত হয় আপনি ইচ্ছাকৃতভাবে বসার ব্যাপারে কৃত্রিম সংকট তৈরি করেছেন।

প্রকল্পের কাজের প্রতি চরম অবহেলা, দায়িত্বহীনতা এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডের দফা ওয়ারী জবাব আগামী ২৭/১১/২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিলের জন্য বলা হলো। অন্যথায় মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে আপনাকে প্রকল্পের চাকুরী হতে অব্যাহতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

ফারহানা আক্তার  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
ইরেসপো, বিআরডিবি,  
উপজেলাঃ বোরহানউদ্দিন, জেলাঃ ভোলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৪৩.১২ - ২২৭২  
সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দিন, জেলাঃ ভোলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি।

তারিখ: ১৬/১১/২০১৪ খ্রিঃ।

মোঃ আবুল কালাম  
উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।